# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৮৪

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

اَلْفصْلُ الثَّنِفْ (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَّالِ)

আরবী

عَنْ فَاطِمَةَ بِنْتِ قَيْسٍ فِي حَدِيث تَمِيمٍ الدَّارِيِّ: قَالَتْ: قَالَ: فَإِذَا أَنَا بِامْرَأَةٍ تَجُرُّ شَعَرَهَا قَالَ: مَا أَنْتِ؟ قَالَتْ: أَنَا الْجَسَّاسَةُ اذْهَبْ إِلَى ذَلِكَ الْقَصْرِ فَأَتَيْتُهُ فَإِذَا رَجُلٌ يَجُرُّ شَعَرَهُ مُسَلْسَلٌ فِي الْأَغْلَالِ يَنْزُو فِيمَا بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ. فَقُلْتُ: مَنْ أَنْتَ؟ قَالَ: أَنَا الدَّجَّال . رَوَاهُ أَبُو دَاوُد

حسن ، رواه ابوداؤد (4325) ـ
(صَحِيح)

বাংলা

৫৪৮৪-[২১] ফাতিমাহ বিনতু কায়স (রাঃ) তামীম আদ্ দারী-এর ঘটনা প্রসঙ্গে বলেন, তামীম আদ দারী বলেছেন, সেই দ্বীপে প্রবেশ করলে আমি সেখানে এমন একটি নারীর সাক্ষাৎ পেলাম যার মাথার কেশ এত লম্বা যে, তা জমিনে হিচড়িয়ে চলে। তামীম প্রশ্ন করলেন, তুমি কে? সে বলল, আমি ’জাসসাসাহ্ (গোপন তথ্য অন্বেষণকারিণী)। অতঃপর সে বলল , তুমি এ প্রাসাদের দিকে যাও। অতএব আমি সেখানে আসলাম। সেখানে লম্বা লম্বা চুলবিশিষ্ট এমন এক ব্যক্তিকে দেখলাম যে দৃঢ়ভাবে লোহার শিকলে বাঁধা, আসমান জমিনের মাঝখানে লাফালাফি করছে। আমি প্রশ্ন করলাম, তুই কে? সে বলল, আমি দাজ্জাল। (আবূ দাউদ)

ফুটনোট

সহীহ: আবূ দাউদ ৪৩২৫, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ২০৩৭৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَإِذَا أَنَا بِامْرَأَةٍ)তামীম আদ দারী-এর বর্ণিত হাদীসে বলা হয়েছে, আমি একজন মহিলার পাশ দিয়ে গেলাম। এখানে মহিলাটি ছিল দাজ্জালের গুপ্তচর। অন্য হাদীসে দাব্বাতুল আরয বলা হয়েছে। সম্ভবত উক্ত মহিলাকেই দাব্বা বলা হয়েছে। কেননা দাব্বা বলতে ‘আরবীতে প্রত্যেকই প্রাণীকে বুঝায় যারা জমিনে চলাচল করে। যেমন আল্লাহ তা'আলার বাণী, (مَا مِنْ دَآبَّةٍ فِى الْاَرْضِ اِلَّا عَلَى اللّٰهِ رِزْقُهَا)“পৃথিবীতে চলমান প্রতিটি প্রাণীর রিকের দায়িত্ব আল্লাহর”- (সূরা হূদ ১১: ৬)। (মিরকাতুল মাফাতীহ; ‘আওনুল মা'বুদ ৭ম খণ্ড, হা. ৪৩২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ফাতিমা বিনত কায়স (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85462

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন